

*Books are the best friends - Boi manuser bondhu. boi holo manuser sreshto songi. Nisongo manuser sobcheye bisosto ebong nirvor joggo bondhu. Emon songi je sudhu dey, ney na kichu. Boi amader...*

বই মানুষের বন্ধু ক্লাস ৯-১০

(সিডি&৩এনডিচ)

বই হল মানুষের শ্রেষ্ঠ সঙ্গী। নিঃসঙ্গ মানুষের সবচেয়ে বিশ্বস্ত এবং নির্ভরযোগ্য বন্ধু। এমন সঙ্গী যে শুধু দেয়, নেয় না কিছু। বই আমাদের জ্ঞান অর্জন করতে সাহায্য করে। বই পড়েই মানুষ অজানা কে জানতে পারে, অচেনাকে চিনতে পারে।

বই পড়া সর্বকালে সর্ব দেশের মানুষের শখ। মানুষ তাদের রুচি মাফিক বইয়ের পাতায় চোখ রেখে শখ চরিতার্থ করে। মানব মনের দর্পণ হল বই। মানুষ ও সমাজকে সম্পূর্ণ রূপে জানবার জন্যই বই পড়া বিশেষ দরকার। দেহের খাদ্য ভাত-রুটি আর মনের খাদ্যের যোগান দেয় বই। মনকে সুস্থ রাখার জন্য ভালো বইয়ের সঙ্গ প্রয়োজন। ভালো বই মানে ভালো বন্ধু। মানুষের জীবনে চলার পথে যেমন ভালো বন্ধুর প্রয়োজন, তেমনি প্রয়োজন ভালো বই। কেননা বেশির ভাগ বইতে বাস্তব জীবনের কথাই লেখা থাকে। বইকে যে বন্ধু হিসেবে গ্রহণ করে, তার শত্রু অনেক কম হয়। বইয়ের মাধ্যমে বিশ্ব মানবের সঙ্গে যোগ ঘটে।

বই হল জ্ঞানের প্রতীক, আনন্দের প্রতীক। লেখকের সঙ্গে পাঠকের পরিচয় ঘটে এই বইয়ের মাধ্যমে। লেখক যেহেতু এই সমাজেরই মানুষ তাই সমাজের বিচিত্র ক্রিয়াকলাপ, ধর্ম-কর্ম, উৎসব-অনুষ্ঠান, আচার-সংস্কার নিয়েই তার সৃষ্টি। সমাজ জীবনের সাথে লেখকদের প্রত্যক্ষ যোগ থাকে। বাস্তব জীবনকে অবলম্বন করেই তাদের লেখা। বই মানুষকে শুধু আনন্দ দান করে না - মানসিক শক্তিও দেয়।

সংসার জীবনে মানুষকে কাজকর্ম নিয়ে থাকতে হয়। জীবনে চলার পথে নানা সংঘাত, বাধা, শোক, দুঃখ, বেদনা আসে, বই পড়ে সেই সব ভোলা যায়। বই আমাদের মনে সাহস যোগায়, বই পড়েই আমরা অনুপ্রাণিত হই। যে প্রকৃত গুণবান, সে অনেক সময় নিজেকে নিঃশ্ব করে বই কেনে। বই কেনা যেমন নেশা তেমন বই পড়াও নেশা। বই মানুষকে ভীষণ আনন্দ দেয়।

আজকাল কম্পিউটার মানুষের জীবনে আসায় ছোট বড়ো প্রায় সকলেরই বই পড়ার নেশা কমে গেছে। মানুষের হাতে এখন সময় কম, ব্যস্ততা বেশি। তাই কম্পিউটারে অল্প সময়ে সব জেনে নেয়। তবুও বলব বই পড়া ভাল। বই আমাদের পরম বন্ধু। গল্পের বই পড়তে আমার খুব ভাল লাগে। ছবির বই দেখতেও ভাল লাগে।